

নং ৪৫.১৪৩.০১১.০১.০০২.২০১৯-৬২৫

তারিখ:

০৩ বৈশাখ ১৪২৭ বঙ্গ
 ১৬ এপ্রিল ২০২০খ্রি:

প্রজ্ঞাপন

৩৯তম (বিশেষ) বিসিএস পরীক্ষা, ২০১৮ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নবনিয়োগ অধিশাখার ২৩.০৩.২০২০খ্রি। তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩৯.০১০.১৯-৭৮নং প্রজ্ঞাপনে বর্ণিত বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য) ক্যাডারের সহকারী ডেটাল সার্জন পদে জাতীয় বেতন ক্ষেত্রে, ২০১৫ অনুসারে টাকা ২২০০০-৫৩০৬০/- বেতনক্রমে নিয়োগপ্রাপ্ত নিয়ন্ত্রিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে পদায়ন করা হ'লঃ

ক্রঃ নং	মেধা	রেজিঃ	কর্মকর্তার নাম	পদায়নকৃত কর্মস্থল
১	২৩৬	২০৩৪২৯	কারিমা বিনতে কামাল	সহকারি ডেটাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বদরগঞ্জ, রংপুর।
২	২৪৯	২০১৫০৮	নাবিলাহুনানজীব বিদুষী	সহকারি ডেটাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

শর্তাবলী:

- (ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের নবনিয়োগ অধিশাখার ২৩.০৩.২০২০খ্রি। তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩৯.০১০.১৯-৭৮নং প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে;
- (খ) বদলি/পদায়নের ক্ষেত্রে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গত ১৭/১০/২০১৯খ্রি। তারিখে ৪৫.১৪৩.০২২.০০.০০১. ২০১৬-৬৩১ সংখ্যক পত্রমূলে জারিকৃত সংশোধিত নীতিমালা, ২০১৯ প্রযোজ্য হবে;
- (গ) নবনিয়োগপ্রাপ্ত এবং পদায়নকৃত কর্মকর্তাগণকে আগামী ১৯/০৪/২০২০ তারিখ পূর্বাহ্নে আবশ্যিকভাবে পদায়নকৃত সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কার্যালয়ে যোগদানপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে ইতোপূর্বে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরে প্রকাশিত যোগদান পত্রের নির্ধারিত নমুনা অনুসরণ করতে হবে।
- (ঘ) চাকরিতে যোগদানকৃত কর্মকর্তাগণকে ৩০০/- (তিনিরশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নিজে বা পরিবারের অন্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না মর্মে অংশীকারনামা সম্পাদন করতে হবে। তবে দেশের বর্তমান করোনা পরিস্থিতির কারণে কেউ উল্লিখিত কাগজপত্রাদি দাখিল করতে না পারলে শুধুমাত্র যোগদানপত্র দাখিল করবেন। পরবর্তীতে পরিস্থিতি স্থাভাবিক হলে উল্লিখিত কাগজপত্রাদি দাখিল করবেন, যা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করতে হবে;
- (ঙ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করতে হবে;
- (চ) উল্লিখিত কর্মকর্তাদের পদায়নকৃত পদের বিপরীতে পূর্ব হতে কোন কর্মকর্তা (৩৯তম বিসিএস (স্বাস্থ্য) এর কর্মকর্তা ব্যতীত) কর্মরত থাকলে তিনি স্বয়ংক্রিয়ভাবে পদায়িত পদ হতে অব্যাহতি পাবেন। অব্যাহতি প্রাপ্ত কর্মকর্তা (পূর্ব হতে কর্মরত কর্মকর্তা) পরবর্তী পদায়নের জন্য স্বাস্থ্য অধিদপ্তরে রিপোর্ট করবেন।

০১। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(শারমিন আজ্জার জাহান)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৮৪৮

per2@hsd.gov.bd

নং ৪৫.১৪৩.০১১.০১.০০২.২০১৯-৬২৫

তারিখ:

০৩ বৈশাখ ১৪২৭ বঙ্গ
 ১৬ এপ্রিল ২০২০খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ / মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় / সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/ কম্পটোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
- সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাদের অবহিত করার অনুরোধসহ)।
- পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাদের পিডিএস হালনাগাদ করার অনুরোধসহ)।
- পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাদের পিডিএস হালনাগাদ করার অনুরোধসহ)।
- বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১. উপ-গরিচালক, বাংলাদেশ ফরম্স ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১২. সিডিল শার্জিন / তত্ত্বাবধায়ক,।
১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
১৪. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,।
১৫. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,।
১৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (প্রজ্ঞাপনটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৮. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,।
১৯. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,।
২০. ডাঃ.....।
২১. অফিস কপি



(শারমিন আক্তার ছায়াছবি)

উপসচিব